

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং - ১৮/২০১১

সকল সম্মানিত সদস্য/সদস্যদের প্রতি,

তারিখ : ২০/০৩/২০১১খ্রিঃ।

০৬ চৈত্র, ১৪১৭ বঙ্গাব্দ।

২৪ তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশনের সম্মানিত সদস্য/সদস্যবৃন্দকে জানানো যাইতেছে যে, আগামী ০৫/০৪/২০১১ তারিখ (মঙ্গলবার) অপরাহ্ন ৩-০০ ঘটিকায় এসোসিয়েশনের ২৪ তম বার্ষিক সাধারণ সভা সি এন্ড এফ টাওয়ারে (১৩ তম তলায়) অনুষ্ঠিত হইবে।

উক্ত বার্ষিক সাধারণ সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য সকল সম্মানিত সদস্য/সদস্যগণকে অনুরোধ জানানো যাইতেছে।

আলোচ্যসূচী :

- ০১। ২২/০৩/১০ ইং তারিখে অনুষ্ঠিত ২৩ তম বার্ষিক সাধারণ সভা এবং ২৯/০৬/১০ ও ১৯/০১/২০১১ইং অনুষ্ঠিত জরুরী সাধারণ সভার কার্যবিবরণী নিশ্চয়করণ।
- ০২। সাধারণ সম্পাদক কর্তৃক ২০১০ইং সালের প্রতিবেদন উপস্থাপন ও অনুমোদন।
- ০৩। এসোসিয়েশনের ২০১০ইং সালের অডিট প্রতিবেদন পর্যালোচনা ও অনুমোদন।
- ০৪। এসোসিয়েশনের ২০১১ইং সালের প্রস্তাবিত বাজেট অনুমোদন।
- ০৫। অভ্যন্তরীণ হিসাব নিরীক্ষা কমিটি গঠন।
- ০৬। এসোসিয়েশনের ২০১১ইং সালের হিসাব নিরীক্ষার জন্য অডিটর নিয়োগ ও তাঁহাদের সম্মানী নির্ধারণ।
- ০৭। নির্বাচন সম্পর্কিত আলোচনা।
- ০৮। সি এন্ড এফ এজেন্টস্ কল্যাণ তহবিল পরিচালনা কমিটিতে সাধারণ সদস্যদের মধ্য থেকে ২(দুই) জন সদস্য মনোনয়ন।
- ০৯। সি এন্ড এফ টাওয়ার পরিচালনা সংক্রান্ত নীতিমালা বাস্তবায়নের নিমিত্তে গঠিতব্য কমিটির ৩(তিন) জন সদস্য মনোনয়ন।
- ১০। এসোসিয়েশনের সদস্য ভর্তি ফি পুনর্বিবেচনা সংক্রান্ত আলোচনা।
- ১১। সংবিধান এর প্রস্তাবিত সংশোধনী অনুমোদন।
- ১২। সিএন্ডএফ এজেন্টস্ কল্যাণ তহবিল বিধিমালার প্রস্তাবিত সংশোধনী অনুমোদন।
- ১৩। সি এন্ড এফ টাওয়ার নীতিমালা-২০০৩ সংশোধনী অনুমোদন।
- ১৪। সি এন্ড এফ টাওয়ারে এসোসিয়েশনের মালিকানা নিশ্চিতকরণ প্রসঙ্গে।
- ১৫। Borrowing Certificate বাবদ গৃহীত টাকা ফেরত প্রদান প্রসঙ্গে।
- ১৬। বিবিধ (সভাপতির অনুমতিক্রমে)।

বিঃ দ্রঃ- সভায় অংশগ্রহণের জন্য ব্যক্তি মালিকানা প্রতিষ্ঠানের ক্ষেত্রে কাস্টমস্ কর্তৃপক্ষ প্রদত্ত বুকলেট/পরিচয় পত্র আনিতে হইবে। অংশিদারী প্রতিষ্ঠান ও লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা অংশিদার নিজে অংশগ্রহণ করিলে তাঁহার কাস্টমস্ কর্তৃপক্ষ প্রদত্ত বুকলেট ও পরিচয় পত্র এবং পরিচালক, অংশিদার অংশগ্রহণ করিলে চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা অংশিদার হইতে প্রতিষ্ঠানের লেটার প্যাডে প্রাধিকার পত্র আনিতে হইবে। সভায় কোন বিষয়ে মতামতের সংখ্যাধিক্য নির্ণয়ের প্রয়োজন হইলে উক্ত দলিলাদি প্রয়োজন হইবে।

স্বাক্ষরিত/-

এ, কে, এম, আকতার হোসেন
সভাপতি

স্বাক্ষরিত/-

মোঃ আলতাফ হোসেন চৌধুরী (বাচ্চু)
সাধারণ সম্পাদক

